

স্মারক নং- ৩৪.০১.৩৬০০.০০০.১৪.২৭৪.২১-

তারিখ :

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ীচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরারধীন “ যানবাহন চালনা প্রশিক্ষণ ” প্রকল্পের আওতায় জেলার বেকার যুবদের যানবাহন বিষয়ে ০১(এক) মাস মেয়াদী অনাবাসিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে ২১-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী হবিগঞ্জ জেলার যুবক ও যুব নারীদের এক/একাধিক প্যানেল করার নিমিত্ত তাঁদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম	প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা	কোর্সের মেয়াদ	কোর্স ফি (টাকা)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের ধরণ	প্রশিক্ষণ ভাতা/ যাতায়াত ভাতা (টাকা)	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	নির্বাচনী পরীক্ষা/ সাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরু তারিখ
০১।	যানবাহন চালনা প্রশিক্ষণ	উপ-পরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর হবিগঞ্জ	১মাস	নাই	৮ম শ্রেণী বা সমমান পাশ	অনাবাসিক	দৈনিক জনপ্রতি ১৫০/- (উপস্থিতির ভিত্তিতে)	২৭/০৩/২৩ খ্রি.	৩০/০৩/২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকা	০১/০৪/২৩খ্রি.

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- ভর্তির জন্য হবিগঞ্জ জেলার প্রার্থীগণ উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ বরাবরে আবেদন পত্র দাখিল করতে হবে।
- বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২১ থেকে ৩৫ বছর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে।
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী), (০৪) জন্ম তারিখ, (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেতার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর, (১৩) Whatsapp নম্বর, (১৪) Facebook ID (যদি থাকে), (১৫) ই-মেইল ঠিকানা, (১৬) বিকল্প যোগাযোগ নম্বর, (১৭) সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের অনুলিপি (খ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও মূল এনআইডি কার্ড সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে অথবা স্ব-স্ব জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর কার্যালয় থেকে পাওয়া যাবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী কমিটির (উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ) সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রতিটি কেন্দ্রে ১৫ জন প্রশিক্ষার্থীর আবাসন সুবিধা আছে (মৌলভীবাজারের জন্য)।

উল্লেখ্য, যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের যে কোনো প্রকারের ড্রাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনোভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপ-পরিচালক বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন সময়ে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ

* উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ।

স্বাঃ
(এ কে এম আবদুল্লাহ ভূঞা)
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৩৬০০.০০০.১৪.২৭৪.২১- ১২৩

তারিখ : ১৩/০৩/২০২৩খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- প্রকল্প পরিচালক (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- পুলিশ সুপার, হবিগঞ্জ।
- উপ-পরিচালক/জেলা কর্মকর্তা , হবিগঞ্জ।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল) , উপজেলা, হবিগঞ্জ।
- জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, হবিগঞ্জ। আপনাকে ভর্তির বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, হবিগঞ্জ।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা, হবিগঞ্জ। তাঁকে সংশ্লিষ্ট উপজেলা পরিষদকে অবহিতসহ উপজেলায় ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- সভাপতি/ সাধারণ সম্পাদক, (যুব সংগঠন/যুব ক্লাব) উপজেলা, হবিগঞ্জ।
- অফিস কপি/নোটিশ বোর্ড হবিগঞ্জ।